গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং বিঃ পঃ ১(২৬)

তারিখ : ১৬/১০/২০০৪ খ্রি
০১/০৭/১৪১১ বঃ

<u>প্রজ্ঞাপন</u>

বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ ও তদধীন প্রণীত ***বিস্ফোরক বিধিমালা ২০০৪*** এর বিধানাবলী এবং অধিকন্তু প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সময় সময় প্রদত্ত এতদসংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে উক্ত বিধিমালার বিধি ১৬০, ১৬৭ ও ১৬৮ এবং তফসিল ৪ এর বিধান অনুযায়ী নিম্ন ছকের ১ম কলামে উল্লিখিত লাইসেন্সের বিপরীতে ২য় কলামে লিপিবদ্ধ কার্যক্রম গ্রহণের ক্ষমতা বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/ সিলেটকে তাহাদের স্ব স্ব অধিক্ষেত্রের জন্য অর্পন করা হইলঃ

ছক

লাইসেন্সের উদ্দেশ্য ও ফরমের নম্বর	***কার্যক্রম***
৩ বিস্ফোরক পরিবাহী স্থল যান (ভ্যান) এর জন্য- ফরম ১৯ লাইসেন্স	৪ নবায়ন
এক সময়ে অনধিক ২০০ কেজি আতশবাজি এবং গানপাউডার প্রস্তুত করিবার জন্য- ফরম ২০ লাইসেন্স	মঞ্জুর, নবায়ন, সংশোধন
৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরকের সহিত একত্রে ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৭ম শ্রেণীর অনধিক ২০০০ কেজি বিস্ফোরক ব্যবহারের উদ্দেশ্যে অধিকারে রাখিবার জন্য- ফরম ২২ লাইসেন্স ৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরকের সহিত একত্রে ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৭ম শ্রেণীর অনধিক ২০০০ কেজি বিস্ফোরক বিক্রয়ের উদ্দেশ্যে অধিকারে রাখিবার জন্য- ফরম ২৩ লাইসেন্স	নবায়ন নবায়ন
অনধিক ২৫ কেজি গানপাউডার এবং/ বা ক্ষুদ্র অস্ত্রে ব্যবহারযোগ্য নাইট্রোযৌগ অথবা ৭ম শ্রেণীর ২য় বিভাগের ২য় উপ-বিভাগের অন্তর্ভুক্ত অনধিক ১০০ কেজি, ৭ম শ্রেণীর ২য় বিভাগের ১ম উপ-বিভাগের অন্তর্গত ১০০০ কেজি আতশবাজি অথবা অনধিক ১০,০০০ মিটার সেফটি ফিউজ কোন দোকানে বিক্রয় এবং অধিকারে রাখিবার জন্য- ফরম ২৪ লাইসেন্স	নবায়ন

২। বিধি ১৬২ অনুসারে ***শট্ ফায়ার'স এর পারমিট-;*** আকাশ পথে বা স্থল পথে বিস্ফোরক ***আমদানির পারমিট-;*** সমুদ্র পথে বিস্ফোরক ***আমদানির লাইসেন্স ফরম ১৭-;*** বিস্ফোরক ***পরিবহনের লাইসেন্স ফরম ১৮-;*** সড়ক পথে বিস্ফোরক ***পরিবাহী ভ্যান এর লাইসেন্স ফরম ১৯-;*** ২০০ কেজির বেশী ***আতশবাজি এবং গানপাউডার প্রস্তুতকরণের লাইসেন্স ফরম ২০-;*** ***স্থানিকভাবে অ্যামোনিয়াম নাইট্রেট ফুয়েল অয়েল (ANFO) প্রস্তুতকরণের লাইসেন্স ফরম ২১-;*** ২০০০ কেজির অধিক ১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৭ম এবং যে কোন পরিমাণ ৫ম, ৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরক ***ব্যবহারের উদ্দেশ্যে অধিকারে রাখিবার লাইসেন্স ফরম ২২-;*** ২০০০ কেজির অধিক ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং ৭ম শ্রেণীর এবং যে কোন পরিমাণ ৫ম এবং ৬ষ্ঠ শ্রেণীর বিস্ফোরক ***বিক্রয়ের উদ্দেশ্যে অধিকারে রাখিবার লাইসেন্স ফরম ২৩-;*** জনসাধারণের জন্য ***আতশবাজি প্রদর্শনীর জন্য লাইসেন্স ফরম ২৫-;*** ফরম ২০ এ বর্ণিত উদ্দেশ্য ব্যতীত ***বিস্ফোরক প্রস্তুতকরণের জন্য স্পেশাল ফরম লাইসেন্স*** মঞ্জুরের ক্ষমতা বিধান মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর নিকট সংরক্ষিত থাকিবে।

(নূরুল আলম)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং বিঃ পঃ ২(১২৬)

তারিখ : ২১/৮/১৯৯১ খ্রিঃ
০৫/৫/১৩৯৮ বঃ

প্রজ্ঞাপন

বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ ও তদধীন প্রণীত ***গ্যাস সিলিন্ডার বিধিমালা ১৯৯১*** এর বিধানাবলী এবং অধিকন্তু প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সময় সময় প্রদত্ত এতদ্‌সংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে উক্ত বিধিমালার তফসিল ৪ এর অর্টিকেল ৩ এর বিধান অনুযায়ী নিম্ন ছকের ১ম কলামে উল্লিখিত লাইসেন্সের বিপরীতে ২য় কলামে লিপিবদ্ধ কার্যক্রম গ্রহণের ক্ষমতা বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/ সিলেটকে তাহাদের স্ব স্ব অধিক্ষেত্রের জন্য অর্পন করা হইল।

ছক

লাইসেন্সের উদ্দেশ্য ও ফরমের নাম	***কার্যক্রম***
গ্যাসপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখিবার জন্য– ‘চ” ফরম লাইসেন্স।	মঞ্জুর, নবায়ন ও সংশোধন

২। বিধি ৩ অনুসারে সিলিন্ডার ***নির্মাণের অনুমোদন***; বিধি ৩৩ অনুসারে সিলিন্ডার ***পরীক্ষা কেন্দ্র অনুমোদন***; সিলিন্ডার ***আমদানির ‘গ’ ফরম লাইসেন্স***; এবং ***গ্যাস ভর্তির ‘ঙ’ ফরম লাইসেন্স*** মঞ্জুরের ক্ষমতা বিধান মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর নিকট সংরক্ষিত থাকিবে।

(নূরুল আলম)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং বিঃ পঃ ২(২২৬)

তারিখ : ২৯/৭/২০০৪ খ্রিঃ
১৪/৮/১৪১১ বঃ

প্রজ্ঞাপন

বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ ও তদধীন প্রণীত ***গ্যাসাধার* (Pressure Vessel) *বিধিমালা ১৯৯৫*** এর বিধানাবলী এবং অধিকন্তু প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সময় সময় প্রদত্ত এতদসংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে উক্ত বিধিমালার বিধি ৪০ এর বিধান অনুযায়ী নিম্ন ছকের ১ম কলামে উলেখিত লাইসেন্সের বিপরীতে ২য় কলামে লিপিবদ্ধ কার্যক্রম গ্রহনের ক্ষমতা বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/ সিলেটকে তাহাদের স্ব স্ব অধিক্ষেত্রের জন্য অর্পন করা হইল।

ছক

লাইসেন্সের উদ্দেশ্য ও ফরমের নাম	***কার্যক্রম***
পরিবহন যানে গ্যাসাধারে গ্যাস পরিবহনের জন্য– 'গ' ফরম লাইসেন্স	নবায়ন ও সংশোধন
গ্যাসাধারে গ্যাস মজুদের জন্য– 'ঘ' ফরম লাইসেন্স	–ঐ–

২। উপরোক্ত 'গ' ও 'ঘ' ফরম লাইসেন্স মঞ্জুর-; বিধি ৩ অনুসারে গ্যাসাধার বা তৎসংশ্লিষ্ট যন্ত্রাংশ নির্মাণ এবং বিধি ১৪ অনুসারে গ্যাসাধার আমদানির পারমিট মঞ্জুরের ক্ষমতা বিধান মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর নিকট সংরক্ষিত থাকিবে।

(নূরুল আলম)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং বিঃ পঃ ২(৪২৬) তারিখ ঃ ——————

প্রজ্ঞাপন

বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ ও তদধীন প্রণীত ***সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা ২০০৪*** এর বিধানাবলী এবং অধিকন্তু প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সময় সময় প্রদত্ত এতদ্‌সংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে উক্ত বিধিমালার বিধি ৮৭ এর বিধান অনুযায়ী নিম্ন ছকের ১ম কলামে উল্লিখিত লাইসেন্সের বিপরীতে ২য় কলামে লিপিবদ্ধ কার্যক্রম গ্রহণের ক্ষমতা বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেটকে তাহাদের স্ব স্ব অধিক্ষেত্রের জন্য অর্পন করা হইল ঃ

ছক

লাইসেন্সের উদ্দেশ্য ও ফরমের নাম	***কার্যক্রম***
প্রাকৃতিক গ্যাস সংকোচন, সিলিন্ডারে বা আধারে সিএনজি মজুদ এবং স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী ধারণপাত্রে অথবা উপগ্রহ সিএনজি স্টেশনে প্রেরণের জন্য আধারে সিএনজি ভর্তির জন্য– ‘ছ’ ফরম লাইসেন্স।	নবায়ন ও সংশোধন।

২। উপরোক্ত লাইসেন্স মঞ্জুরের ক্ষমতা বিধান মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর নিকট সংরক্ষিত থাকিবে।

(নূরুল আলম)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং বিঃ পঃ ২(৫২৬)

তারিখ ঃ ২৯/৭/২০০৪ খ্রিঃ
১৪/৪/১৪১১ বঃ

প্রজ্ঞাপন

বিস্ফোরক অ্যাক্ট ১৮৮৪ ও তদধীন প্রণীত ***তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা ২০০৪*** এর বিধানাবলী এবং অধিকন্তু প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সময় সময় প্রদত্ত এতদ্‌সংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে উক্ত বিধিমালার বিধি ১১১(৮) এবং তফসিল ১ এর বিধান অনুযায়ী নিম্ন ছকের ১ম কলামে উল্লিখিত লাইসেন্সের বিপরীতে ২য় কলামে লিপিবদ্ধ কার্যক্রম গ্রহণের ক্ষমতা বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেটকে তাহাদের স্ব স্ব অধিক্ষেত্রের জন্য অর্পন করা হইল ঃ

ছক

লাইসেন্সের উদ্দেশ্য ও ফরমের নাম	***কার্যক্রম***
সিলিন্ডারে তরলীকৃত এলপি গ্যাস মজুদের জন্য – ‘চ’ ফরম লাইসেন্স	মঞ্জুর, নবায়ন ও সংশোধন।
জলপথে বা স্থলপথে গ্যাসাধারে এলপি গ্যাস পরিবহনের জন্য- ‘জ’ ফরম লাইসেন্স।	নবায়ন ও সংশোধন।

২। এলপি গ্যাস আমদানির জন্য– গ ফরম লাইসেন্স-; স্থাপনায় এলপি গ্যাস মজুদ এবং মোটর যানের সহিত সংযুক্ত সিলিন্ডারে জ্বালানী হিসাবে অথবা হস্তান্তরযোগ্য সিলিন্ডারে এলপি গ্যাস ভর্তির জন্য– ‘ঙ’ ফরম লাইসেন্স-; এবং জলপথে বা স্থলপথে গ্যাসাধারে এলপি গ্যাস পরিবহনের জন্য– জ ফরম লাইসেন্স মঞ্জুরের ক্ষমতা বিধান মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর নিকট সংরক্ষিত থাকিবে।

(নূরুল আলম)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং বিঃ পঃ৩ (২৬) তারিখ ঃ ১১/৯/২০০১খ্রিঃ / ২৭/৫/১৪০৮বঃ

প্রজ্ঞাপন

পেট্রোলিয়াম অ্যাক্ট ১৯৩৪ ও তদধীন প্রণীত ***পেট্রোলিয়াম বিধিমালা ১৯৩৭*** এর বিধানাবলী এবং অধিকন্তু প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সময় সময় প্রদত্ত এতদসংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে উক্ত বিধিমালার বিধি ১১৯ (১) এবং তফসিল ১ এর বিধান অনুযায়ী নিম্ন ছকের ১ম কলামে উল্লেখিত লাইসেন্সের বিপরীতে ২য় কলামে লিপিবদ্ধ কার্যক্রম গ্রহনের ক্ষমতা বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/ সিলেটকে তাহাদের স্ব স্ব অধিক্ষেত্রের জন্য অর্পন করা হইল।

ছক

লাইসেন্সের উদ্দেশ্য ও ফরমের নাম	***কার্যক্রম***
অন্তর্দাহ ইঞ্জিনের জ্বালানী হিসাবে ব্যবহৃত হইতে পারে এমন পেট্রোলিয়াম ব্যতীত ১ম শ্রেনীর পেট্রোলিয়াম অনধিক ৩০০ লিটার আমদানীর জন্য – ‘এইচ’ ফরম লাইসেন্স।	মঞ্জুর, নবায়ন, সংশোধন ওহস্তান্তর।
প্রথম শ্রেণীর পেট্রোলিয়াম অনধিক ৩০০ লিটার ট্যাংক ব্যতীত অন্যবিদ পাত্রে মজুদের জন্য – ‘আই’ ফরম লাইসেন্স।	–ঐ–
দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়াম অনধিক ২৫০০০ লিটার, অথবা আংশিক দ্বিতীয় ও আংশিক তৃতীয় শ্রেণীর পেট্রোলিয়াম অনধিক ২৫০০০ লিটার; অথবা তৃতীয় শ্রেণীর পেট্রোলিয়াম অনধিক ৪৫০০০ লিটার ট্যাংক ব্যতীত অন্যবিদ পাত্রে মজুদের জন্য – ‘জে’ ফরম লাইসেন্স।	–ঐ–
মোটরযানের জ্বালানী সরবরাহের উদ্দেশ্যে পাম্প সংযোগ ট্যাংকে পেট্রোলিয়াম মজুদের জন্য –‘কে’ ফরম লাইসেন্স।	–ঐ– (নকশা প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক অনুমোদন সাপেক্ষে)
প্রথম শ্রেণীর পেট্রোলিয়াম আমদানি এবং কোন স্থাপনায় পেট্রোলিয়াম মজুদের জন্য –‘এল’ ফরম লাইসেন্স।	নবায়ন
ট্যাংকে ব্যতীত অন্যবিদ পাত্রে ১ম শ্রেণীর পেট্রোলিয়াম আমদানি ও মজুদ; অথবা ট্যাংকে ব্যতীত অন্যবিদ পাত্রে ২৫০০০ লিটারের বেশী পরিমাণ দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়াম বা আংশিক প্রথম শ্রেণীর পেট্রোলিয়াম এবং আংশিক দ্বিতীয় শ্রেণীর পেট্রোলিয়াম মজুদের জন্য –‘এম’ ফরম লাইসেন্স।	মঞ্জুর, নবায়ন, সংশোধন ও হস্তান্তর ।
প্রথম শ্রেণীর পেট্রোলিয়াম আমদানি এবং ‘আই’, ‘জে’, ‘কে’, ‘এল’ ও ‘এম’ ফরমে উল্লিখিত পদ্ধতি ব্যতীত অন্যবিদভাবে পেট্রোলিয়াম মজুদের ‘স্পেশাল’ ফরম লাইসেন্স।	নবায়ন (শুধুমাত্র পেট্রোলিয়াম কর্পোরেশনভুক্ত কোম্পানী এবং এমন ভোক্তা প্রতিষ্ঠানের লাইসেন্স একই এলাকায় যাহাদের কোন ‘এল’ ফরম লাইসেন্স আছে)।
স্থল পথে ট্যাংকে পেট্রোলিয়াম পরিবহনের জন্য – ‘ও’ ফরম লাইসেন্স।	মঞ্জুর, নবায়ন, সংশোধন ও হস্তান্তর (সংশ্লিষ্ট যান বিধি ৭৭ এর অধীন অনুমোদিত ধরণের হওয়া সাপেক্ষে)।

২। ‘এল ফরম’, ‘স্পেশাল ফরম’ এবং জলপথে ট্যাংকে পেট্রোলিয়াম পরিবহণের ‘এন ফরম’ লাইসেন্স মঞ্জুরের ক্ষমতা বিধান মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর নিকট সংরক্ষিত থাকিবে; এবং উপরের ছকে অর্পিত না হইয়া থাকিলে এই তিন ফরমের লাইসেন্স নবায়ন, সংশোধন ও হস্তান্তর সদর দপ্তর হইতে করা হইবে।

(নূরুল আলম)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিস্ফোরক অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং বিঃ পঃ৪(৪২৬)

তারিখ ঃ ২৮/৭/২০০৪ খ্রিঃ
১৩/৪/১৪১১ বঃ

প্রজ্ঞাপন

পেট্রোলিয়াম অ্যাক্ট ১৯৩৪ ও তদধীন ***কার্বাইড বিধিমালা ২০০৩*** এর বিধানাবলী এবং অধিকন্তু প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক সময় সময় প্রদত্ত এতদসংক্রান্ত নির্দেশাবলী পালন সাপেক্ষে উক্ত বিধিমালার বিধি ৪৩ এবং তফসিল ১ এর বিধান অনুযায়ী নিম্ন ছকের ১ম কলামে উল্লিখিত লাইসেন্সের বিপরীতে ২য় কলামে লিপিবদ্ধ কার্যক্রম গ্রহণের ক্ষমতা বিস্ফোরক পরিদর্শক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেটকে তাহাদের স্ব স্ব অধিক্ষেত্রের জন্য অর্পন করা হইল।

ছক

লাইসেন্সের উদ্দেশ্য ও ফরমের নাম	***কার্যক্রম***
অনধিক ৫০০ কিলোগ্রাম কার্বাইড সমুদ্রপথে আমদানি ও মজুদের জন্য– 'খ' ফরম লাইসেন্স।	মঞ্জুর, নবায়ন, ও সংশোধন।
৫০০ কিলোগ্রামের অধিক কার্বাইড সমুদ্রপথে আমদানি ও মজুদের জন্য– 'গ' ফরম লাইসেন্স।	নবায়ন ও সংশোধন।
অ্যাসিটিলিন উৎপাদন প্লান্টের অংশবিশেষ মজুদাগারে কার্বাইড মজুদ ও সমুদ্রপথে আমদানির জন্য– 'ঘ' ফরম লাইসেন্স।	নবায়ন ও সংশোধন।

২। স্থলপথে বা আকাশপথে কার্বাইড আমদানির লাইসেন্স-; অ্যাসিটিলিন উৎপাদন প্লান্টের অংশবিশেষ মজুদাগারে কার্বাইড মজুদ ও সমুদ্রপথে আমদানির জন্য– 'ঘ' ফরম লাইসেন্স-; ৫০০ কিলোগ্রামের অধিক কার্বাইড সমুদ্রপথে আমদানি ও মজুদের জন্য– 'গ' ফরম লাইসেন্স মঞ্জুর-; এবং অ্যাসিটিলিন উৎপাদন প্লান্ট অনুমোদনের ক্ষমতা বিধান মোতাবেক নিম্নস্বাক্ষরকারীর নিকট সংরক্ষিত থাকিবে।

(নূরুল আলম)
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।